NHS
Liverpool University Hospitals
NHS Foundation Trust

# Patient information

# Inflammatory Bowel Disease-এর ওষুধগুলি Aminosalicylates (5-ASA)

ডাইজেস্টিভ ডিজিজেস কেয়ার গ্রুপ

**আপনার যদি Inflammatory Bowel Disease (Crohn's disease বা Ulcerative Colitis) ধরা পড়ে, আপনাকে একটি aminosalicylate যা কখনও কখনও 5-ASA নামে পরিচিত বা mesalazine প্রেসক্রাইব করা হতে পারে, যা হল একটি ওষুধ যা আপনার রোগটিকে নিয়ন্ত্রণে রাখতে সহায়তা করে।**

### 5-ASAs (Aminosalicylates) কি?

এগুলি ওষুধের একটি গ্রুপ, যা অন্ত্রের সক্রিয় প্রদাহের মাত্রা কমিয়ে কাজ করে থাকে, এইভাবে ক্ষতিগ্রস্ত অন্ত্রের লাইনিং-কে সেরে ওঠার সময় প্রদান করে।

এই গ্রুপে বিভিন্ন নামে বেশ কয়েকটি সামান্য ভিন্ন ওষুধগুলি রয়েছে এবং এই সবগুলিই অন্ত্রের বিভিন্ন জায়গার চিকিৎসা করার জন্য ডিজাইন করা হয়েছে। আপনার ডাক্তার এগুলির মধ্যে এমন একটি দিয়ে শুরু করবেন, যা আপনাকে সবচেয়ে বেশী উপকার প্রদান করবে। আপনার ডাক্তার অন্য কোন কিছু না বললে, একই ওষুধ ব্যবহার করে যাওয়া খুব গুরুত্বপূর্ণ।

### 5-ASA-গুলি কিভাবে প্রদান করা হয়?

এই ওষুধগুলি মুখে খাওয়া যেতে পারে (ট্যাবলেট, ক্যাপসুল বা দানা) বা একটি ইনেমা বা সাপোজিটরি প্রবেশ করিয়ে অ্যানাস বা পায়ুর মাধ্যমে তা প্রদান করা যেতে পারে।

### আমাকে কি ডোজে 5-ASA-গুলি প্রদান করা হবে?

ডোজটি ডাক্তারের দ্বারা নির্ধারিত হবে এবং সাধারণতঃ তা এটির উপর নির্ভর করে যে, রোগটি কতটা সক্রিয় রয়েছে এবং সেই অনুযায়ী ডোজটি বাড়ানো বা কমানো হতে পারে।

আপনাকে সাধারণতঃ এরকম একটি ডোজ প্রদান করা হবে, যাতে আপনার রোগটিকে নিয়ন্ত্রণে রাখতে সহায়তা হয়, এটি একটি রক্ষণাবেক্ষণকারী ডোজ হিসেবে পরিচিত।

### 5-ASA-গুলি গ্রহণের লাভগুলি কি কি?

Ulcerative colitis-এ রোগটি হঠাৎ বেড়ে গেলে তার চিকিৎসার জন্য 5-ASA-গুলি কার্যকরী হতে পারে। 5-ASA গ্রহণকারী রোগীদেরকে দুটি কারণে দীর্ঘমেয়াদে তা গ্রহণের পরামর্শ দেওয়া হয়:

1. রোগটিকে নিয়ন্ত্রণে রাখা এবং হঠাৎ বেড়ে যাওয়ার ঝুঁকি কমানো।
2. বাওয়েল বা মলাশয়ের ক্যান্সারের ঝুঁকি কমানো।

Inflammatory bowel disease-এ বাওয়েল ক্যান্সার হওয়ার সামান্য বেশী ঝুঁকি থাকে, তবে গবেষণাগুলিতে দেখা গিয়েছে যে, 5-ASA-গুলি দীর্ঘমেয়াদে ব্যবহার করলে এই ঝুঁকি কমে যেতে পারে।

**আমি যদি 5-ASA-গুলি দিয়ে চিকিৎসা না করানোর সিদ্ধান্ত নিই তাহলে কি হবে?**

Ulcerative colitis-এ, আপনি যদি 5-ASA-গুলি গ্রহণ না করেন, তাহলে আপনার অনিয়ন্ত্রিত রোগ বা বারংবার রোগটির হঠাৎ বেড়ে যাওয়ার ঝুঁকি থাকতে পারে।

আপনি যদি দীর্ঘমেয়াদে 5-ASA-গুলি গ্রহণ না করেন আপনার colorectal cancer হওয়ার ঝুঁকি সামান্য বেড়ে যেতে পারে।

আপনার যদি Crohn's disease থেকে থাকে, 5-ASA-গুলি বন্ধ করে দেওয়ার জন্য আপনার রোগের সক্রিয়তায় সামান্য প্রভাব পড়বে বা কোন প্রভাবই পড়বে না।

**এটির কাজ করতে কত সময় লাগে?**

5-ASA-গুলি দুই থেকে তিন সপ্তাহের মধ্যে প্রভাব ফেলতে শুরু করে।

**5-ASA-গুলির কি কোন পার্শ্ব-প্রতিক্রিয়া রয়েছে?**

সমস্ত ওষুধের ব্যবহারের সাথেই কিছু পার্শ্ব-প্রতিক্রিয়া সংশ্লিষ্ট থাকে, অবশ্য অধিকাংশ রোগীই কোন পার্শ্ব-প্রতিক্রিয়া অনুভব করেন না।

5-ASA-গুলির পার্শ্ব-প্রতিক্রিয়াগুলি সাধারণতঃ হালকা হয়ে থাকে এবং এতে ডায়রিয়া, বমি বমি ভাব, বমি হওয়া, মাথা ব্যথা, চামড়ায় লাল দাগ অর্ন্তভুক্ত থাকে। তবে বিরলক্ষেত্রে, সেগুলির কারণে রক্ত বা কিডনিতে সমস্যা হতে পারে, সেজন্য নিয়মিত রক্তের পরীক্ষা করানো খুব গুরুত্বপূর্ণ – সেগুলি সাধারণঃ বছরে একবার করে করানো উচিত, তবে আপনি যদি সম্প্রতি ওষুধটি শুরু করেন, সেক্ষেত্রে আরো তাড়াতাড়ি (যেমন তিন মাসে) তা করানো উচিত।

বিরল ক্ষেত্রে, কিছু রোগী 5-ASA-গুলিতে অ্যালার্জিক বা বিশেষভাবে সংবেদনশীল হতে পারেন এবং তাই কোন অব্যাখ্যাকৃত রক্তপাত, ক্ষত, ত্বকে লাল দাগ, দীর্ঘমেয়াদী গলাব্যথা বা জ্বর সম্পর্কে রিপোর্ট করা খুব গুরুত্বপূর্ণ। যদি তা হয়ে থাকে, কখনও কখনও ওষুধটি বন্ধ করে দেওয়া হয় বা পরিবর্তন করা হয়।

**5ASA-গুলির বিকল্প কোন চিকিৎসা রয়েছে কি?**

Inflammatory bowel disease-এর চিকিৎসার জন্য 5-ASA-গুলির মত কোন সমতুল্য ওষুধ নেই। আপনি যদি 5-ASA-গুলি মুখে খেতে সমর্থ না হন (উদাহরণস্বরূপ, আপনার যদি পার্শ্ব-প্রতিক্রিয়াগুলি হয়), সেক্ষেত্রে আপনি যদি ভাল থাকেন, আপনার অন্য কোন ওষুধের প্রয়োজন নাও হতে পারে।

আপনাকে যদি একটি 5-ASA (একটি ইনেমা বা সাপোজিটরি হিসেবে 5-ASA) প্রেসক্রাইব করা হয়, সেক্ষেত্রে একটি বিকল্প হিসেবে একটি স্টেরয়েড ইনেমা বা সাপোজিটরি ব্যবহার করা যেতে পারে। অবশ্য, 5-ASA-র বেশী কার্যকরী হওয়ার সম্ভাবনা থাকে।

**আমি 5-ASA-গুলি গ্রহণের সময়কালে টিকাগুলি নিতে পারি কি?**

5-ASA-গুলি গ্রহণের সময়কালে আপনি নিরাপদে টিকাগুলি নিতে পারেন।

**5-ASA-গুলি গ্রহণের সময়কালে আমি কি মদ্যপান করতে পারি?**

5-ASA-গুলি গ্রহণের সময়কালে মদ (জাতীয় নির্দেশনা অনুযায়ী পরিমিত পরিমাণে) এড়িয়ে চলার কোন কারণ নেই।

**5-ASA-গুলি কি প্রজনন ক্ষমতা ও গর্ভধারণের উপর প্রভাব ফেলে?**

Salazopyrin (sulphasalazine) নামের একটি ওষুধ রুয়েছে, যা reversible male infertility-এর একটি ঝুঁকির সাথে সংশ্লিষ্ট রয়েছে। বর্তমানে Salazopyrin প্রায়শঃ ব্যবহৃত হয় না, কারণ নতুন আসা ওষুধগুলির পার্শ্ব-প্রতিক্রিয়া অনেক কম।

অন্যান্য 5-ASA-গুলি ফার্টিলিটি বা প্রজনন ক্ষমতার উপর প্রভাব ফেলে না এবং গর্ভধারণকালেও নিরাপদে গ্রহণ করা যেতে পারে।

**আমি 5ASA-গুলি সম্পর্কে আরো তথ্য কোথায় পেতে পারি?**

আপনার যদি 5-ASA-গুলি সম্পর্কে কোন প্রশ্ন থাকে, আপনার হাসপাতালের ডাক্তার, আপনার inflammatory bowel স্পেশ্যালিস্ট নার্স বা আপনার ফার্মাসিস্টকে তা জিজ্ঞাসা করুন।

**মতামত**

আপনার মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ এবং তা ভবিষ্যতে সেবাকে প্রভাবিত করতে আমাদের সহায়তা করবে।

আপনাকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়ার পর বা আপনার আউটপেশেন্ট অ্যাপয়েন্টমেন্ট সম্পন্ন হওয়ার পর আপনি একটি টেক্সট পাবেন, যেখানে জিজ্ঞাসা করা হবে যে, আপনি অন্যদের কাছে আমাদের পরিষেবাটির সুপারিশ করবেন কি না। অনুগ্রহ করে, সময় নিয়ে এর উত্তর দিন, আপনাকে এই টেক্সটটি পাঠানোর জন্য কোন চার্জ দিতে হবে না এবং আপনি তা নাও পাঠাতে পারেন। আপনার সহযোগিতার জন্য আমরা কৃতজ্ঞ।

**আরো তথ্যাবলী**

**ইনফ্ল্যামেটরি বাওয়েল স্পেশ্যালিস্ট নার্সরা**
**টেলিঃ 0151 706 2650**
**টেক্সট ফোন নম্বর: 18001 0151 706 2659**
**ই-মেইল: IBDnurses@rlbuht.nhs.uk**

**ওয়েবসাইট: crohnsandcolitis.org.uk/mersey**

**লেখকঃ ডাইজেস্টিভ ডিজিজেস কেয়ার গ্রুপ**
**পর্যালোচনার তারিখঃ এপ্রিল 2013**

All Trust approved information is available on request in alternative formats, including other languages, easy read, large print, audio, Braille, moon and electronically.

يمكن توفير جميع المعلومات المتعلقة بالمرضى الموافق عليهم من قبل ائتمان المستشفى عند الطلب بصيغ أخرى، بما في ذلك لغات أخرى وبطرق تسهل قراءتها وبالحروف الطباعية الكبيرة وبالصوت وبطريقة برايل للمكفوفين وبطريقة مون والكترونياً.

所有經信托基金批准的患者資訊均可以其它格式提供，包括其它語言、 易讀閱讀軟件、大字

體、音頻、盲文、穆恩體（Moon）盲文和電子格式，敬請索取。

در صورت تمایل میتوانید کلیه اطلاعات تصویب شده توسط اتحادیّه در رابطه با بیماران را به اشکال مختلف در دسترس داشته باشید، از جمله به زبانهای دیگر، به زبان ساده، چاپ درشت، صوت، خط مخصوص کوران، مون و بصورت روی خطی  موجود است.

زانیاریی پێوەندیدار بەو نەخۆشانەی لەلایەن **تراستەوە** پەسەند کراون، ئەگەر داوا بکرێت لە فۆرماتەکانی تردا بریتی لە زمانەکانی تر، ئیزی رید (هاسان خوێندنەوە)، چاپی گەورە، شریتی دەنگ، هێڵی موون و ئەلێکترۆنیکی هەیە.

所有经信托基金批准的患者信息均可以其它格式提供，包括其它语言、 易读阅读软件、大字体、音频、盲文、穆恩体（Moon）盲文和电子格式，敬请索取。

Dhammaan warbixinta bukaanleyda ee Ururka ee la oggol yahay waxaa marka la codsado lagu heli karaa nuskhado kale, sida luqado kale, akhris fudud, far waaweyn, dhegeysi, farta braille ee dadka indhaha la', Moon iyo nidaam eletaroonig ah.